

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনসমূহের সর্বশেষ পরিস্থিতি

(১১ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ / ২৬ আগস্ট, ২০২৪ খ্রিঃ সন্ধ্যা ৬.০০ টার তথ্য অনুযায়ী)


বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	দুপুর ৩.০০ টায় পানি সমতল (মিটার)	সন্ধ্যা ৬.০০ টায় পানি সমতল (মিটার)	বিগত ৩ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
গোমতী	কুমিল্লা	কুমিল্লা	১১.৩০	১১.৬৯	১১.৬৬	-৩	+৩৬
*মুহুরি	*পরশুরাম	*ফেনী	১২.৫৫	*যোগাযোগ বিচ্ছিন্ন, উজানের তথ্যের ভিত্তিতে বিপদসীমার নিচে			

সন্ধ্যা ৬.০০ টার তথ্য অনুযায়ী নদ-নদীর সর্বশেষ পরিস্থিতি

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশন			
সময়	স্টেশন	বৃদ্ধি	হ্রাস
দুপুর ৩.০০ টায়	০১	হ্রাস	০১
সন্ধ্যা ৬.০০ টায়	০১	অপরিবর্তিত	০০
		তথ্য পাওয়া যায় নি	পরশুরাম (মুহুরি) যোগাযোগ বিচ্ছিন্ন
বিপদসীমার উপরে নদীর সংখ্যা:	০১		
বিপদসীমার উপরে নদীসমূহের নাম:	গোমতী		

- * দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- * বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (সে.মি.): ১টি
কুমিল্লা (গোমতী) +৩৬
- * বিপদসীমার নিচে: ১২টি
পরশুরাম (মুহুরি) [যোগাযোগ বিচ্ছিন্ন — উজানের তথ্যের ভিত্তিতে বিপদসীমার নিচে]
অমলশীদ (কুশিয়ারা), শেরপুর-সিলেট (কুশিয়ারা), মারকুলী (কুশিয়ারা), মনু রেলওয়ে ব্রিজ (মনু), মৌলভীবাজার (মনু), হবিগঞ্জ (খোয়াই), বালাহ (খোয়াই), দেবীদ্বার (গোমতী), নারায়ণহাট (হালদা), পাঁচপুকুরিয়া (হালদা)
- * দেশের উজানে পানি সমতল বিপদসীমা তথ্য:
মুহুরী (বিলানিয়া-ত্রিপুরা) বিপদসীমার ১৭৯ সে.মি. নিচে, বিগত ৬ ঘন্টায় ১৫ সে.মি. হ্রাস
অমরপুর (গোমতী): বিপদসীমার ৯৩ সে.মি. নিচে, বিগত ৬ ঘন্টায় ৪৩ সে.মি. হ্রাস
ফেনী (সাবরুম) ৩ ঘন্টায় ৫০ সে.মি. হারে হ্রাস পাচ্ছে
- * গত ৬ ঘন্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):
আগরতলা (ত্রিপুরা) ১২.০, আগরতলা ০৬.০
- * গত ৬ ঘন্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):
নোয়াখালী ২৫.৮, টেকনাফ ৯.৫, সোনাইমুড়ি (নোয়াখালী) ৫.২
- * বিগত ০৯ ঘন্টায় পূর্বাঞ্চলীয় কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও ফেনী জেলার ভারতীয় ত্রিপুরা সীমান্তবর্তী অঞ্চলে এবং ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি এবং উজানের নদ-নদীর পানি সমতল হ্রাস অব্যাহত আছে। ফলে বর্তমানে ফেনী ও কুমিল্লা জেলার নিম্নাঞ্চলের বিদ্যমান বন্যা পরিস্থিতির উন্নতি অব্যাহত আছে।
- * মৌলভীবাজার, হবিগঞ্জ জেলার নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচে নেমে এসেছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ৩৬ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। এ সময় উত্তর-পূর্বাঞ্চলের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, খোয়াই, ধলাই নদী সমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।
- * আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৫ ঘন্টায় দেশের পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ সময় এ অঞ্চলের কুমিল্লা জেলার গোমতী নদীর পানি সমতল হ্রাস পেতে পারে এবং সংলগ্ন নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে। আগামী ১৫ ঘন্টায় ফেনী জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে, তবে কোন কোন স্থানে স্থিতিশীল থাকতে পারে।
- * আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৫ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। এ সময় এ অঞ্চলের বান্দরবান, খাগড়াছড়ি, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার সাঙ্গু, মাতামুহুরি, কর্ণফুলি, হালদা ও অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল সময়বিশেষে বৃদ্ধি পেতে পারে।
- * ব্রহ্মপুত্র-যমুনা এবং দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে, উত্তরাঞ্চলের তিস্তা-ধরলা-দুধকুমার নদীর স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।


(সরদার উদয় রায়হান)

নির্বাহী প্রকৌশলী
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা